# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

## অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০

### শ্রেণি ঃ সপ্তম শ্রেণি

### বিষয় ঃ আকাইদ ও ফিক্‌হ (বহুনির্বাচনী)

**সময় ঃ ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৩০**

[বি. দ্রঃ সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণ সম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান সমান। প্রশ্নপত্রে কোনো দাগ দেয়া নিষিদ্ধ।]

১। আল্লাহ কাকে সৃষ্টি জগতের জন্য রহমত স্বরূপ প্রেরণ করেছেন?
ক. হযরত নূহ (আ.) খ. হযরত মূসা (আ.)
গ. হযরত ইসা (আ.) ঘ. হযরত মুহাম্মদ (সা.)

২। পবিত্র কুরআনে কতজন নবীর নাম উল্লেখ রয়েছে?
ক. ২৪ জন খ. ২৫ জন গ. ২৬ জন ঘ. ২৭ জন

৩। رسل শব্দের বচন কী?
ক. واحد খ. تثنية গ. جمع ঘ. কোনটিই নয়

নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও:
আতিক বলে, নবী-রাসূলগণ নিষ্পাপ এ কথা সঠিক নয়, কেননা তাদের দ্বারা ছোট খাটো গুনাহ সংঘটিত হওয়া সম্ভব।

৪। আতিকের বক্তব্য বিশ্বাস করলে সে কী হয়ে যাবে?
ক. কাফের খ. ফাসেক গ. মুনাফেক ঘ. মুশরিক

৫। এ মুহূর্তে আতিকের করণীয় হচ্ছে-
i. পুনরায় ইমান গ্রহণ করা ii. নবী-রাসূলগণের গুণাবলী স্বীকার করা
iii. উক্ত বিশ্বাসে অটল থাকা
নিচের কোনটি সঠিক
ক. i খ. ii গ. i ও ii ঘ. i, ii ও iii

৬। ওহি বাহক ফেরেশতা বলা হয় কাকে?
ক. জিবরাইল (আ.) খ. মিকাইল (আ.)
গ. ইসরাফিল (আ.) ঘ. আযরাইল (আ.)

৭। رقيب عتيد শব্দের অর্থ কী?
ক. সরল প্রহরী খ. প্রস্তুত প্রহরী গ. দুর্বল প্রহরী ঘ. দন্ডায়মান প্রহরী

৮। ফেরেশতাদের কাজ হচ্ছে-
i. রাসূল (সা.) এর উপর দরূদ পড়া ii. মুমিন বান্দাদের জন্য দুআ করা
iii. মানুষের রক্ষণাবেক্ষণ করা
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii গ. i ও ii ঘ. i, ii ও iii

৯। কুরআনের উপর ইমান আনার حكم কী?
ক. فرض খ. واجب গ. سنة ঘ. مستحب

১০। قران শব্দের অর্থ কী?
ক. বাতিলকারী খ. পঠিত গ. ঘটিত ঘ. পার্থক্যকারী

১১। إقامة শব্দের অর্থ কী?
ক. দাঁড় করানো খ. মজবুত করা
গ. প্রস্তুত হওয়া ঘ. শুরু করা

১২। ইকামাতের জওয়াব দেওয়া কী?
ক. فرض খ. واجب গ. سنة ঘ. مستحب

১৩। সালাত ইসলামের কততম স্তম্ভ?
ক. দ্বিতীয় খ. তৃতীয় গ. চতুর্থ ঘ. পঞ্চম

১৪। الصوم শব্দটি কোন বাবের মাসদার?
ক. نصر খ. ضرب গ. فتح ঘ. سمع

১৫। روزة কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ফারসি গ. ফরাসি ঘ. উর্দু

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:
রহিমা খাতুন রমযান মাসে সাহরী খেতে গিয়ে ফজরের আযান শুনতে পান; এর পরেও তিনি ঘরের দরজা বন্ধ করে চুপে চুপে পেট ভরে খেয়ে নেন।

১৬। শরিয়তের দৃষ্টিতে রহিমা খাতুনের সাওম কেমন হয়েছে?
ক. صحيح খ. باطل গ. فاسد ঘ. مكروه

১৭। এমতাবস্থায় রহিমা খাতুনের করণীয় হচ্ছে-
i. ফিদইয়া দেওয়া ii. আল্লাহর নিকট ক্ষমা চাওয়া
iii. সাওম পুনরায় আদায় করা
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii গ. i ও iii ঘ. ii, iii

১৮। মান্নতের সাওম কী ধরনের সাওম?
ক. فرض খ. واجب গ. سنة ঘ. مستحب

১৯। إفطار শব্দের অর্থ কী?
ক. নাশতা করা খ. সন্ধ্যার খাবার
গ. বিরত হওয়া ঘ. ভেঙ্গে ফেলা

২০। খেজুর বা খুরমা দ্বারা ইফতার করা কী?

ক. فرض খ. واجب গ. سنة ঘ. مستحب

২১। তারাবীর সালাত কত রাকাত?

ক. ৮ রাকাত খ. ১২ রাকাত গ. ১৬ রাকাত ঘ. ২০ রাকাত

২২। صلوة التراويح এর বিধান কী?

ক. فرض খ. واجب গ. سنة ঘ. مستحب

২৩। সাওম ফরয হওয়ার জন্য শর্ত হলো-

i. মুসলিম হওয়া ii. পুরুষ হওয়া

iii. বিবেকবান হওয়া

নিচের কোনটি সঠিক?

ক. i খ. ii গ. i, iii ঘ. i, ii ও iii

২৪। নিচের কোন দিনের সাওম হারাম?

ক. আশুরার খ. শবে বরাত গ. শবে ক্বদর ঘ. ঈদুল আযহা

২৫। মুসলমান ও ইহুদীদের সাওমের মধ্যে পার্থক্য কী?

ক. সাহরি খ. ইফতার গ. নিয়্যত ঘ. ইতিকাফ

২৬। السخرية শব্দের অর্থ কী?

ক. খেলা করা খ. তামাশা করা গ. বিদ্রূপ করা ঘ. তোষামোদ করা

২৭। الحسد অর্থ কী?

ক. হিংসা খ. লোভ গ. লালসা ঘ. অহংকার

২৮। الحرص শব্দের অর্থ কী?

ক. লোভ খ. হতাশা গ. দুঃখ ঘ. ক্রোধ

২৯। الغيبة এর হুকুম কী?

ক. ছগিরা গুনাহখ. কবিরা গুনাহ গ. শিরকি গুনাহ ঘ. বিদআত

৩০। রিয়া থেকে বাঁচার উপায় হলো-

i. মিথ্যা কথা বলা ii. মৃত্যুর ভয় জাগ্রত করা

iii. কামনা-বাসনা সংযত করা

নিচের কোনটি সঠিক

ক. i খ. ii গ. ii, iii ঘ. i, iii

# তা'মীরুল মিল্লাত কামিল মাদরাসা, ঢাকা

**অর্ধ-বার্ষিক অনলাইন পরীক্ষা-২০২০**

**শ্রেণি ঃ সপ্তম শ্রেণি**

**বিষয় ঃ আকাইদ ও ফিক্হ (সৃজনশীল)**

**সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান ঃ ৭০**

**[বি. দ্র.: আকাইদ অংশ হতে ২টি, ফিকহ অংশ হতে ৪টি ও আখলাক অংশ হতে ১টির দিতে হবে।]**

**(ক) আকাই অংশ ঃ মান - ২০**

১। রাশেদ ইউনিভার্সিটির ছাত্র। সে নিয়মিত সালাত ও সাওম পালন করে এবং রাসূল (সা.) এর প্রদর্শিত পন্থায় জীবন গড়ার চেষ্টা করে। একদিন তার সাথে ডেভিড নামের এক খ্রিষ্টান ছাত্রের পরিচয় হয়। অত:পর সে তার বন্ধুত্ব গ্রহণ করলে তাকে খ্রিষ্টান ধর্ম গ্রহণ করার আবেদন জানায়। জবাবে শাহেদ বলে ,আমি তো শেষ নবি মুহাম্মদ (সা.) এর অনুসারী। যিনি সমগ্র মানবজাতির জন্য পথ প্রদর্শক।

ক. নবি-রাসূলগণের মূল কাজ কী ছিল? ১

খ. الإيمان بالرسل বলতে কী বুঝায়? ২

গ. ডেভিডের সাথে রাশেদের বন্ধুত্বের কাজটি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত পরিস্থিতিতে রাশেদের কী করণীয় হতে পারে বলে তুমি মনে কর? ৪

২। রাসেল একজন ব্যবসায়ী। তার এক সহকর্মী মৃত্যুর পরবর্তী জীবনকে বিশ্বাস করে না। একদিন রাসেল তার সহকর্মীকে বলল, মৃত্যুর পরও জীবন আছে। সেখানে ফেরেশতাগণ বিভিন্ন প্রশ্ন করবে। তাদের প্রশ্নের সঠিক উত্তর দিতে না পারলে পরিণাম হবে ভয়াবহ।

ক. منكر শব্দের অর্থ কী? ১

খ. يصلون على النبي দ্বারা কী বুঝানো হয়েছে? ২

গ. রাসেলের বক্তব্যের সাথে কোন হাদীসের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাসেলের সর্বশেষ উক্তিটির যথার্থতা নিরূপন কর। ৪

৩। রসুলপুর গ্রামে 'ক' বংশ এবং 'খ' বংশের মধ্যে মারামারি হয়। মাওলানা আশফাকুর রহমান উভয়ের মধ্যে আল কুরআনের বিধান অনুযায়ী ফয়সালা করেন। 'ক' বংশের লোকজন উক্ত মীমাংসা অমান্য করে চলে যায়।

ক. কুরআন মাজীদ কাদের জন্য পথ প্রদর্শক? ১

খ. "আল কুরআন সকল আসমানি কিতাবের মধ্যে শ্রেষ্ঠ" ব্যাখ্যা কর। ২

গ. 'ক' বংশের লোকজনের কাজটি ইসলামের দৃষ্টিতে বিশ্লেষণ কর। ৩

ঘ. মাওলানা আশফাকুর রহমানের ফয়সালার বিষয়টি কুরআন ও সুন্নাহর আলোকে মূল্যায়ন কর। ৪

**ফিকহ অংশ**

৪। মাওলানা আঃ রহিম সালাত আদায় করতে যান। সেখানে তিনি দেখেন, মুয়াজ্জিন ইকামত দেওয়ার পূর্বেই মুসল্লিগণ সালাতের জন্য দাঁড়িয়ে গেছেন। তিনি তাদেরকে লক্ষ্য করে বললেন, মুয়াজ্জিন ইকামতে حي على الصلوة বললে, মুসল্লিদের দাঁড়ানো মুস্তাহাব।

ক. إقامة শব্দের অর্থ কী? ১

খ. إقامة কাকে বলে? ২

গ. উদ্দীপকে বর্ণিত মুসল্লিগণের কাজটি ইলমে ফিকহের দৃষ্টিতে বিশ্লেষণ কর। ৩

ঘ. মাওলানা আঃ রহিমের বক্তব্যটি ইলমে ফিকহের আলোকে মূল্যায়ন কর। ৪

৫। আবির দাখিল সপ্তম শ্রেণির একজন ছাত্র। তাদের ঘর তৈরি করতে যেয়ে তার পিতা বললেন, খুঁটি ছাড়া যেমন ঘর তৈরি হয় না। তদ্রূপ সালাত ছাড়া দীন পরিপূর্ণ হয় না। এ কথা শুনে তার মা বলে উঠলেন সালাত আদায় না করলে তো মুমিন হিসেবে পরিচয় দেয়া যায় না।

ক. الصلوة এর আভিধানিক অর্থ কী? ১

খ. সালাতের মধ্যে قيام এর হুকুম বর্ণনা কর। ২

গ. আবিরের পিতার বক্তব্য ইসলামি শরিয়তের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. মায়ের উক্তিটির যথার্থতা কুরআন-সুন্নাহর আলোকে বিশ্লেষণ কর। ৪

৬। দাখিল পরীক্ষার্থী রফিককে তার বাবা সাহরী খাওয়ার জন্য ডাকলেন। সে বলল, এ বছর পরীক্ষার জন্য আমি সাওম পালন করতে পারব না। এ কথা শুনে বাবা বললেন, সাওম প্রত্যেক প্রাপ্ত বয়স্ক নারী-পুরুষের উপর ফরজ করা হয়েছে।

ক. রোযা কখন ফরজ হয়? ১

খ. الصوم বলতে কী বুঝ? ২

গ. রফিকের বাবার বক্তব্যটি ইসলামের দৃষ্টিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. রফিকের বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতের স্বপক্ষে দলিল পেশ কর।৪

৭। রাকিব ও রফিক দুই বন্ধু ঢাকা থেকে কুয়াকাটা বেড়াতে গেল তিন দিনের সফরে। সন্ধ্যায় রমযানের চাঁদ উদিত হলো। তারপর রাকিব বাসায় তারাবির সালাত আদায় করে এবং সাহরি খেয়ে রোযা পালন করে। কিন্তু তার বন্ধু রফিক এর কিছুই করল না। বরং সে বলল, আমরা মুসাফির। মুসাফিরের জন্য রোযা মাফ।

ক. الصوم শব্দের অর্থ কী? ১

খ. সাওম কত প্রকার ও কী কী? ২

গ. উদ্দিপকে বর্ণিত রাকিবের আচরণ শরীয়তের আলোকে বিশ্লেষণ কর। ৩

ঘ. রফিকের বক্তব্যের সাথে তুমি কি একমত? তোমার মতের স্বপক্ষে দলীল পেশ কর।

৮। জায়েদ সাহরী খেয়ে সাওম পালন করছিল। দুপুর ২ ঘটিকায় সে ইচ্ছাকৃতভাবে ভাত খেয়ে ফেলল। এরপর সুর্যাস্ত পর্যন্ত জায়েদ আর কিছুই পানাহার করল না। যথারীতি সে ইফতারও করল। তারা বাবা তাকে বললেন, তোমার সাওম শুদ্ধ হয়নি। তার কারণ তুমি দিনের বেলায় ইচ্ছাকৃতভাবে খাবার খেয়েছ।

ক. أيام البيض অর্থ কী? ১

খ. স্বাস্থ্যবিজ্ঞানের মতে সাওমের উপকারিতা লিখ। ২

গ. যে সব কারণে সাওমের কাযা ও কাফ্ফারা উভয়ই ওয়াজিব হয় তার বিবরণ দাও।৩

ঘ. জায়েদের পিতার বক্তব্যের যথার্থতা দলীলের দ্বারা সাব্যস্ত কর। ৪

## আখলাক অংশ

৯। রাকিব একজন ধনী লোক। তবে স্বভাব-চরিত্রে কৃপণ, আচরণে হিংসুক, দান করে নাম মাত্র লোক দেখানো। আলেমগণের প্রতি তার তাচ্ছিল্যভাব। একদা ইমাম সাহেব এ ব্যাপারে তাকে নসীহত করেন।

ক. البخل অর্থ কী? ১

খ. লোক দেখানো ইবাদত বা কর্মের কোন মূল্য নেই, কথাটি বুঝিয়ে লিখ। ২

গ. কারও প্রতি অবজ্ঞা বা তাচ্ছিল্য প্রদর্শনে শরিয়তের দৃষ্টিভঙ্গি উল্লেখ কর। ৩

ঘ. শফিকের আচরণ কুরআন-সুন্নাহর আলোকে মূল্যায়ন কর। ৪

১০। সালাম শিল্পপতি ও কোটিপতি। তার বাড়ির পার্শ্বে ফারহানের জীর্ণশীর্ণ ছোট কুটির। সালাম ফারহানকে ডেকে বলল, তোমার বাস্তভিটা আমাকে দিয়ে দাও। তাতে ফারহান অস্বীকার করে। সালাম রাগান্বিত হয়ে বলে, জীর্ণশীর্ণ এ বাড়ি আমার প্রতিবেশি হিসেবে থাকলে আমার মানসম্মান থাকে না।

ক. الحسد অর্থ কী? ১

খ. লোভ মানুষকে ধ্বংস করে- কথাটি বুঝিয়ে লেখ। ২

গ. ফারহানের প্রতি সালামের কেমন আচরণ হওয়া উচিত ছিল? ইসলামি শরিয়াতের আলোকে উল্লেখ কর। ৩

ঘ. সালামের আচরণ কুরআন-সুন্নাহর আলোকে মূল্যায়ন কর। ৪